



শিক্ষা

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ক্লাস টেস্ট

পূর্ব প্রকাশিতের পর

কোন কোন বর্ষের টেস্ট কোন CYCLE এর কোন কোন DAY তে হবে তা ক্লাস টেস্টের রুটিন করার আগেই নির্দিষ্ট করে দেয়া যেতে পারে। কোন বর্ষকে কোন CYCLE এ দু'টি এবং কোন CYCLE এ তিনটি পরীক্ষা দিতে হতে পারে। এ কারণে সেই বর্ষের জন্য প্রত্যেক CYCLE এর ২টি কিংবা ৩টি DAY নির্দিষ্ট থাকবে।

(ঘ) ক্লাস টেস্ট হবে সকাল ৮-০০ থেকে ৮-১৫ মিনিট পর্যন্ত। ৮-৩০ মিনিট থেকে যথারীতি নিয়মিত ক্লাস শুরু হবে। ৮-১৫ মিনিট থেকে ৮-৩০ মিনিট-এর মধ্যে ছাত্র-ছাত্রীরা যে যার ক্লাসে চলে যাবে। নিয়মিত ক্লাস ৫০ মিনিট-এর পরিবর্তে ৪৫ মিনিট করতে হবে। ফলে প্রথম ৬টি ক্লাস যথারীতি ১-৩০ মিনিট-এর মধ্যেই শেষ হবে। ২-৩০ মিনিট থেকে ক্লাস ৫০ মিনিট করেই হবে।

(জ) কোন বিষয়ে সিলেবাস থাকবে একই বিষয়ের দু'টি ক্লাস টেস্টের মধ্যবর্তী সময়ে যা পড়ানো হয়েছে।

৩। যদি কোন ছাত্র-ছাত্রীর কোন বিষয়ের ক্লাসে উপস্থিতি ৬০%-এর নীচে হয়, তবে তাকে সম্পূর্ণ পরীক্ষা থেকে বঞ্চিত না করে শুধু উক্ত বিষয়ে ক্লাস টেস্ট-এর প্রাপ্ত নম্বর যোগ করা হবে না। তবে তিনটির অধিক বিষয়ে উপস্থিতি ৬০%-এর কম হলে সম্পূর্ণ পরীক্ষা থেকে বঞ্চিত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৪। পূর্ব ঘোষিত কেন্দ্রীয়ভাবে কোন ছাত্র ধর্মঘট, হরতাল অথবা দেশব্যাপী ধর্মঘট ব্যতীত বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের এই ধরনের কোন কর্মসূচী থাকলে তা সাধারণ ছাত্রদের এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে কমপক্ষে ৪৮ ঘণ্টা আগে জানাতে হবে এবং সেই DAY এর ক্লাসসমূহ প্রথম প্রস্তাব অনুযায়ী পরের কার্যদিবসে হবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুপুর ১২টার মধ্যে প্রত্যেক হলে ছাত্র-ছাত্রীদের জানানোর জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

অন্যথায় বিশ্ববিদ্যালয়ের কোন সমস্যার কারণে আকস্মিক ধর্মঘট-এ অংশগ্রহণ করলে সেই DAY এর ক্লাসগুলো সম্পন্ন হয়েছে বলে ধরা হবে এবং সেই দিনের লেকচারসমূহ, ক্লাস টেস্ট এবং ব্যবহারিক ক্লাসগুলো

অন্য কোন DAY তে পুনর্বিবেচনা করা হবে না।

৫। ছাত্র স্বার্থ জড়িত বিশ্ববিদ্যালয়ের সকল আইন সবাইকে সহজভাবে জানানোর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপরের প্রস্তাবগুলোর প্রথম সুবিধা হল, সেমিস্টারের প্রতিটি ক্লাস যে হবে তা নিশ্চিত করা যাচ্ছে। ফলে প্রতিটি বিষয়ে-এর কোন ক্লাসে কতটুকু করে পড়ালে সময় মতো শেষ হবে তা শিক্ষক আগেভাগেই ঠিক করতে পারছেন এবং ক্লাস টেস্টের রুটিন হওয়ার পর কোন ক্লাস টেস্টে সিলেবাস কতটুকু হবে তাও বলে দিতে পারছেন। তাতে ছাত্রদেরও সুবিধা হবে এবং শিক্ষক-যদি ইচ্ছা করেন তবে সুবিধা মতো অনেক আগেই ৩টি টেস্টের প্রশ্নই করে রেখে দিতে পারেন। ক্লাস টেস্টের প্রশ্ন QUIZ ধরনের এবং তার মধ্যে অধিকাংশ প্রশ্নই সহজ (৭টি প্রশ্ন তথ্যমূলক) হবে। ফলে ছাত্ররা অল্প পরিশ্রম এবং ক্লাসে নিয়মিত থাকলেই ক্লাস টেস্টে ভাল নম্বর পাবে। এতে ক্লাস টেস্টের ব্যাপারে ছাত্রদের উৎসাহ বাড়বে এবং ক্লাস টেস্ট দিতে ছাত্ররা আগ্রহী হবে। ক্লাস টেস্ট সকালে প্রথমেই হয়ে যাবে বলে

ছেলেরা ঠাণ্ডা মাথায় পরীক্ষা দিতে পারবে এবং নিয়মিত ক্লাসে কোন বিষয় সৃষ্টি হবে না। অর্থাৎ কোন ক্লাসে পরীক্ষা থাকলে আগের ক্লাসগুলো ছেলেরা করে না এমন ঘটনা ঘটান সুযোগ আর থাকবে না। আসন নির্দিষ্ট করা হবে বলে দেখাদেখি করার সুযোগ থাকবে না। তাই এক সেট প্রশ্ন করলেই হবে। এ ধরনের পরীক্ষার উত্তরপত্র যে কোন শিক্ষক দেখতে পারবেন। শুধু উত্তরগুলো দেয়া থাকলেই হবে। ফলে খাতা দেখতে বেশী সময় লাগবে না। তাছাড়া এ ধরনের উত্তরপত্র দেখতে কম্পিউটারের সাহায্য নেয়া যেতে পারে। '৮৬-৮৭ শিক্ষাবর্ষের ১ম (বর্তমান) সেমিস্টারেই এই পদ্ধতি গ্রহণ করা যেতে পারে। প্রথম ২টি CYCLE হয়ে গেছে ধরে নিয়ে তৃতীয় CYCLE এর A DAY দিয়ে বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু করা যেতে পারে এবং '৮৬-৮৭ শিক্ষাবর্ষের প্রথম সেমিস্টারের ক্লাস টেস্ট-এর রুটিন সংশ্লিষ্ট বিভাগই করবেন। নিয়মাবলী এবং রুটিন ক্লাস শুরুর আগেই প্রকাশ করতে হবে। এই সেমিস্টারে ১৩টির বদলে ১২টি CYCLE করা যেতে পারে। যদিও এতে ল্যাপ বেড়ে যাবে।

শেখ মাহবুবুর রহমান